# জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা, কুমিল্লা বোর্ড ২০১৬

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : 1 5 0

### সৃজনশীল প্রশ্ন

সময়—২ ঘণ্টা ২০ মিনিট মান—৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। 'ক' এলাকার জমিদার মৃত্যুর পূর্বে তার অল্প বয়স্ক নাতিকে উত্তরাধিকারী হিসেবে ক্ষমতা প্রদান করেন। কতিপয় আত্মীয়স্বজন এবং পার্শ্ববর্তী এলাকার কিছু লোভী ব্যবসায়ী বিদেশি ব্যবসায়ীদের যোগসাজসে তাকে ক্ষমতাচ্যুত করে বিদেশি শাসন প্রতিষ্ঠা করে।

ক. ভারতে প্রথম ভাইসরয় নিযুক্ত হন কে? ১

খ. 'ওয়েস্টফালিয়ার চুক্তি'— ব্যাখ্যা কর। ২

গ. 'ক' এলাকার ঘটনা বাংলার ইতিহাসে কোন ঘটনাকে মনে করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. "আধুনিক জ্ঞানচর্চার ফলে উক্ত এলাকায় নবজাগরণ ঘটেছিল"— যৌক্তিক মতামত দাও। ৪

২। শেলি বাণিজ্য মেলা থেকে কয়েকটি শাড়ি ও নকশি কাঁথা কেনে। শাড়িগুলোর মধ্যে কোনোটি মোটা আবার কোনোটি মিহি। কেনাকাটা শেষ করে সে সেখানে বাউল শিল্পীদের পরিবেশিত গান শুনে মুগ্ধ হয়।

ক. চণ্ডীমঙ্গল কার লেখা? ১

খ. 'কা আ তরুবর পাঞ্চ বিড়াল, চঞ্চল চী এ পইঠা কাল'— ব্যাখ্যা কর। ২

গ. শেলির ক্রয়কৃত জিনিসগুলো কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকে উল্লিখিত শিল্পগুলো আলাদা হলেও সবগুলো শাখাই মানুষের সৃজনশীলতার পরিচয় বহন করে"— যথার্থতা নিরূপণ কর। ৪

৩। সেলিম পড়ালেখার ফাঁকে ফাঁকে টিভিতে বিভিন্ন শিক্ষামূলক অনুষ্ঠান দেখে ও দেশ-বিদেশের খবর শুনে। অপরদিকে ওর চাচাতো ভাই মতিন পড়ালেখায় ফাঁকি দিয়ে মোবাইলে সারাদিন ভিডিও গেইম খেলে। তাই সে পরীক্ষায় সেলিমের মতো ভালো ফল করতে পারছে না।

ক. ই-কমার্সের পূর্ণরূপ কী? ১

Teachingbd.com

খ. সামাজিকীকরণ বলতে কী বোঝায়? ২

গ. সেলিমের ক্ষেত্রে সামাজিকীকরণের কোন উপাদানটি কাজ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'মতিনের ক্ষেত্রে তথ্যপ্রযুক্তির নেতিবাচক দিকটি প্রতিফলিত হলেও এর অনেক ইতিবাচক দিক রয়েছে'– বিশ্লেষণ কর। ৪

৪। রাকিব পড়াশুনা শেষে চাকরি নিয়ে সিঙ্গাপুর চলে যায়। সে প্রতি মাসে দেশে টাকা পাঠায়, যা পরিবারের খরচ বহন করার পর দেশের উন্নয়নে ব্যবহৃত হয়।

ক. GDP-এর পূর্ণরূপ কী? ১

খ. বাংলাদেশের উৎপাদন ও আয় বৃদ্ধির মূল লক্ষ্য ব্যাখ্যা কর। ২

গ. রাকিবের সিঙ্গাপুর থেকে পাঠানো অর্থের ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. মানবসম্পদ উন্নয়নের ক্ষেত্রে রাকিবের গৃহীত পদক্ষেপটি কি একমাত্র উপায়? মতামত দাও। ৪

৫। জনাব 'ক' ও জনাব 'খ' দুজনেই রাষ্ট্রের দুটি গুরুত্বপূর্ণ দায়িত্বে নিয়োজিত। জনাব 'ক' আইন প্রণয়নে ভূমিকা রাখেন। অপরদিকে, জনাব 'খ' সে আইন বাস্তবায়ন করেন।

ক. সংবিধান কত তারিখে চূড়ান্ত অনুমোদন পায়? ১

খ. সরকারকে কেন রাষ্ট্রের মূল চালিকাশক্তি বলা হয়? ২

গ. জনাব 'ক'-এর কাজ সরকারের কোন বিভাগকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব 'ক' ও জনাব 'খ'-এর সম্পাদিত কাজের মাধ্যমেই কি রাষ্ট্র পরিচালনা সম্ভব? মতামত দাও। ৪

৬। মেঘনা পাড়ের বাসিন্দা রমজান আলীর বেশকিছু জমিজমা ছিল। বিগত কয়েক বছরে একটি বিশেষ প্রাকৃতিক দুর্যোগের কবলে পড়ে তার সমস্ত জমি মেঘনার গর্ভে বিলীন হয়ে যায়। সে এখন পরিবার পরিজন নিয়ে শহরে বস্তি এলাকায় বসবাস করছে।

ক. ভূপৃষ্ঠ থেকে বায়ুমণ্ডলের নিকটবর্তী স্তর কোনটি? ১

খ. মানবসৃষ্ট দুর্যোগ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত দুর্যোগটি ব্যাখ্যা কর। ৩

ঘ. কিছু পদক্ষেপ গ্রহণের মাধ্যমে উক্ত দুর্যোগের ক্ষয়ক্ষতি হ্রাস করা সম্ভব– বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৭।

| ক্ষুদ্র নৃগোষ্ঠী | বসবাস |
|---|---|
| A | ময়মনসিংহ, নেত্রকোনা |
| B | রাজশাহী, দিনাজপুর |
| C | রাঙামাটি, বান্দরবান |

ক. 'রাখাইন' শব্দের অর্থ কী? ১

খ. সাংগ্রাই উৎসব কীভাবে পালিত হয়? ২

গ. ছকে উল্লিখিত 'C' চিহ্নিত ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক জীবন ব্যাখ্যা কর। ৩

ঘ. ছকে 'A' ও 'B' চিহ্নিত ক্ষুদ্র নৃগোষ্ঠীর সামাজিক জীবনের তুলনামূলক আলোচনা কর। ৪

৮।

| শিল্প | সংখ্যা | কাঁচামাল |
|---|---|---|
| অ | ১২টি | কৃষিজ পণ্য হতে সংগৃহীত |
| আ | ১৭টি | প্রাকৃতিক সম্পদ হতে সংগৃহীত |

Teachingbd.com

ক. বাংলাদেশের প্রথম কাগজ কল কোনটি? ১

খ. জীববৈচিত্র্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত 'আ' শিল্পটি ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে বর্ণিত শিল্পগুলোর ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৯। দৃশ্যকল্প ১ : মিতুল একটি আন্তর্জাতিক সংস্থায় কর্মরত যা বিশ্বে খাদ্য সংকট মোকাবিলায় ভূমিকা রাখছে।

দৃশ্যকল্প ২ : রুমকি একটি সামাজিক সংস্থায় কর্মরত যা শিক্ষা বিজ্ঞান ও সাংস্কৃতিক উন্নয়নের জন্য কাজ করে।

ক. জলপাই পাতা কিসের প্রতীক? ১

খ. 'আন্তর্জাতিক আদালত' ব্যাখ্যা কর। ২

গ. মিতুল কোন সংস্থায় কর্মরত? ব্যাখ্যা কর। ৩

ঘ. রুমকির কার্যক্ষেত্র বাংলাদেশের বিভিন্ন উন্নয়নমূলক কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে– বিশ্লেষণ কর। ৪

# জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা, কুমিল্লা বোর্ড ২০১৬

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : 1 5 0

সময়—৪০ মিনিট

### বহুনির্বাচনি অভীক্ষা

মান—৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ইউরোপে যুগান্তকারী বাণিজ্য কখন থেকে শুরু হয়?
ⓚ ১২শ শতক ⓚ ১৩শ শতক
ⓖ ১৪শ শতক ⓖ ১৫শ শতক

২. 'কে' ফোর্সের অধিনায়ক কে ছিলেন?
ⓚ কে. এম. সফিউল্লাহ ⓚ খালেদ মোশাররফ
ⓖ জিয়াউর রহমান ⓖ জেনারেল ওসমানী

৩. বাংলা ভাষা ও সাহিত্যের উন্নতির জন্য কোন প্রতিষ্ঠান কাজ করে?
ⓚ শিশু একাডেমি ⓚ শিল্পকলা একাডেমি
ⓖ বাংলা একাডেমি ⓖ নজরুল একাডেমি

৪. 'ছিয়াত্তরের মন্বন্তরের সময় বাংলার জনসংখ্যা কত ছিল?
ⓚ ১ কোটি ⓚ ২ কোটি ⓖ ৩ কোটি ⓖ ৪ কোটি

৫. উন্নয়নশীল দেশে জনশিক্ষার প্রধান মাধ্যম কোনটি?
ⓚ রেডিও ⓚ সংবাদপত্র
ⓖ চলচ্চিত্র ⓖ টেলিভিশন

৬. জাতিসংঘ প্রতিষ্ঠায় ভূমিকা রাখে—
i. থিওডোর রুজভেল্ট
ii. উইনস্টন চার্চিল
iii. ফ্রাঙ্কলিন রুজভেল্ট
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৭. 'ক' দেশে একজনের সিদ্ধান্ত দ্বারা দেশ পরিচালিত হয়। ঐ দেশে কোন ধরনের সরকারব্যবস্থা প্রচলিত?
ⓚ গণতান্ত্রিক ⓚ একনায়কতান্ত্রিক
ⓖ এককেন্দ্রিক ⓖ যুক্তরাষ্ট্রীয়

৮. 'মাদককে না বলুন'— এ প্রতিজ্ঞায় জনগণ কাদেরকে উদ্বুদ্ধ করতে পারে?
ⓚ শিশুদের ⓚ মহিলাদের
ⓖ তরুণদের ⓖ বয়স্কদের

■ উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :
মিজান শিক্ষা সফরে ঢাকার কাছে এমন একটি স্থানে যায়, যেখানে ভবন নির্মাণে ইউরোপীয় স্থাপত্য রীতি অনুসরণ করা হয়। নিরাপত্তার জন্য ভবনগুলোর পাশে খালও খনন করা হয়।

৯. উদ্দীপকের কোন এলাকার কথা মনে করিয়ে দেয়?
ⓚ পানাম নগর ⓚ সরদার বাড়ি
ⓖ আহসান মঞ্জিল ⓖ উত্তরার গণভবন

১০. উক্ত ভবনে আর যে বৈশিষ্ট্য বিদ্যমান—
i. লম্বা বারান্দা
ii. রঙিন মোজাইক
iii. মুঘল স্থাপত্যের প্রভাব
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১১. নিলয়ের মামা ১৯৭১ সালে নৌবাহিনীতে চাকরিরত অবস্থায় যুদ্ধ করেন। তিনি কত নং সেক্টরের অধীনে যুদ্ধ করেন?
ⓚ ১নং ⓚ ৫নং ⓖ ১০নং ⓖ ১১নং

১২. প্রাচীন বাংলার সমাজের চিত্র ফুটে উঠেছে কোন রচনায়?
ⓚ অন্নদা মঙ্গলে ⓚ মঙ্গলকাব্যে
ⓖ ধর্ম মঙ্গলে ⓖ মনসা মঙ্গলে

১৩. ১৯৭২ সালের কোন মাসে বাংলাদেশের সংবিধান প্রণীত হয়?
ⓚ জানুয়ারি ⓚ এপ্রিল
ⓖ অক্টোবর ⓖ নভেম্বর

১৪. কাজী নজরুল ইসলাম গানের ভুবনে বিশেষ স্থান অধিকার করেছেন—
i. আপন স্বাতন্ত্র্যে
ii. নিজ বৈচিত্র্যে
iii. সৃষ্টিশীল মননে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

১৫. জাতীয় সংসদের স্পিকার কে নিযুক্ত করেন?
ⓚ সংসদ সদস্যগণ ⓚ প্রধানমন্ত্রী
ⓖ রাষ্ট্রপতি ⓖ আইনমন্ত্রী

১৬. আকাশ ছোঁয়া ভবন নির্মাণ পদ্ধতির প্রবর্তক কে?
ⓚ কামরুল হাসান ⓚ এফ. আর খান
ⓖ শফিউদ্দীন আহমদ ⓖ শওকত ওসমান

১৭. ভারতবর্ষের শেষ মুঘল সম্রাট কে ছিলেন?
ⓚ আকবর ⓚ জাহাঙ্গীর
ⓖ শাহজাহান ⓖ বাহাদুর শাহ জাফর

১৮. মণিপুরি নৃগোষ্ঠীর লোকেরা কোন অঞ্চলে বসবাস করে?
ⓚ সিলেট ⓚ ময়মনসিংহ
ⓖ চট্টগ্রাম ⓖ বান্দরবান

■ নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :
শাহেদ ইন্টারনেটে বিজ্ঞাপন দেখে অনলাইনে একটি ক্যামেরা ক্রয় করে।

১৯. উদ্দীপকটির ক্ষেত্রে তথ্যপ্রযুক্তির কোন দিকটি প্রযোজ্য?
ⓚ ই-মেইল ⓚ ই-কমার্স
ⓖ ফেসবুক ⓖ টুইটার

২০. শাহেদের মতো ইন্টারনেট ব্যবহারকারী—
i. সাম্প্রতিক ঘটনা সম্পর্কে জানবে
ii. জ্ঞান অন্বেষণ করতে পারবে
iii. সময়ের সাশ্রয় হবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

http://teachingbd.com

২১. বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে স্থানীয় উপকরণ দিয়ে একটি শিল্পপণ্য উৎপাদিত করে। শিল্পটি হলো–
ⓚ চিনি শিল্প ⓛ সিমেন্ট শিল্প
ⓜ ওষুধ শিল্প ⓝ কাগজ শিল্প

২২. 'ক'-এর বয়স ১৯। সে একজন কিশোর অপরাধী। সে কোন দেশের নাগরিক?
ⓚ ভারত ⓛ থাইল্যান্ড ⓜ শ্রীলঙ্কা ⓝ জাপান

২৩. 'জাতীয় জনসংখ্যা দিবস' কত তারিখে পালিত হয়?
ⓚ ২ ফেব্রুয়ারি ⓛ ৮ মার্চ
ⓜ ২ জুন ⓝ ৯ জুলাই

২৪. বাংলাদেশের কিশোর অপরাধের অন্যতম প্রধান কারণ কী?
ⓚ শিক্ষার অভাব ⓛ মা-বাবার অসচেতনতা
ⓜ দারিদ্র্য ⓝ চিত্তবিনোদনের অভাব

২৫. জাতিসংঘের সদর দপ্তর কোথায় অবস্থিত?
ⓚ রোমে ⓛ প্যারিসে
ⓜ জেনেভায় ⓝ নিউইয়র্কে

২৬. মুজিবনগর সরকার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিচারপতি আবু সাঈদ চৌধুরীকে বিশেষ দূত নিয়োগ করার কারণ–
i. অস্ত্র সংগ্রহ
ii. যুদ্ধের পক্ষে জনমত গঠন
iii. বিদেশি সমর্থন আদায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৭. সপ্তম শ্রেণিতে অধ্যয়নরত শিউলি উপবৃত্তি পায়। কোন শ্রেণি পর্যন্ত সে এ সুবিধা ভোগ করতে পারবে?
ⓚ নবম ⓛ দশম ⓜ একাদশ ⓝ দ্বাদশ

২৮. 'অপারেশন জ্যাকপট' কিসের নাম?
ⓚ অভিযানের ⓛ অনুষ্ঠানের
ⓜ জাহাজের ⓝ পরিকল্পনার

■ উদ্দীপকটি পড় ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :
ফুয়াদ টেলিভিশনে দেখল ইন্দোনেশিয়ার সমুদ্রের তলদেশে অগ্ন্যুৎপাতের ফলে সেই দেশের অনেক মানুষ হতাহত হয়েছে।

২৯. উদ্দীপকের ঘটনার ফলে কোন দুর্যোগটি ঘটবে?
ⓚ সুনামি ⓛ সাইক্লোন ⓜ নদীভাঙন ⓝ খরা

৩০. উক্ত দুর্যোগটি বেশি ঘটতে পারে–
i. সমুদ্রের তীরবর্তী এলাকায়
ii. পাহাড়িয়া এলাকায়
iii. ভূমিকম্পপ্রবণ এলাকায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

৩১. বাংলাদেশের মানুষের মাথাপিছু আয় কত মার্কিন ডলার?
ⓚ ১০৯৯ ⓛ ১১৯০ ⓜ ১২৮০ ⓝ ১৪৮৮
[* বি.দ্র. : বর্তমান পাঠ্যবই অনুযায়ী ১৪৬৬ মার্কিন ডলার]

৩২. বিশ্ব ব্যাংকের হিসাবমতে ২০০৯ সালে রেমিটেন্সপ্রাপ্ত সার্কভুক্ত দেশগুলোর মধ্যে বাংলাদেশের স্থান কত?
ⓚ ২য় ⓛ ৪র্থ ⓜ ৮ম ⓝ ১২তম

৩৩. সাব্বির এমন একটি শিল্প কারখানায় কাজ করে যার কাঁচামাল গবাদি পশু থেকে পাওয়া যায়। সাব্বির কোন শিল্প কারখানায় কাজ করে?
ⓚ কাগজ ⓛ চামড়া ⓜ ঔষধ ⓝ সিমেন্ট

৩৪. ২০১২-১৩ অর্থবছরের জাতীয় অর্থনীতিতে সর্বাধিক অবদান ছিল কোন খাতে?
ⓚ কৃষি ও বনজ ⓛ মৎস্য
ⓜ শিল্প ⓝ পরিবহন ও যোগাযোগ

৩৫. শিশু মৃত্যুহার হ্রাসে সাফল্য অর্জন করায় বাংলাদেশ কত সালে জাতিসংঘ পুরস্কার লাভ করেছে?
ⓚ ২০০৭ ⓛ ২০০৮ ⓜ ২০০৯ ⓝ ২০১০

৩৬. বাংলাদেশের কোন অঞ্চলে প্রচুর চা উৎপাদিত হয়?
ⓚ পার্বত্য চট্টগ্রাম ⓛ দিনাজপুর
ⓜ রংপুর ⓝ সিলেট

৩৭. কত নম্বর সংকেত শোনার পর শিশু, বৃদ্ধদের আশ্রয়কেন্দ্রে পাঠাতে হয়?
ⓚ ৪নং সতর্ক সংকেত ⓛ ৫নং সতর্ক সংকেত
ⓜ ৮নং সতর্ক সংকেত ⓝ ৯নং সতর্ক সংকেত

৩৮. প্রথম বিশ্বযুদ্ধ শেষ হওয়ার কত বছর পর দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়?
ⓚ ১৮ বছর ⓛ ১৯ বছর
ⓜ ২০ বছর ⓝ ২১ বছর

■ নিচের মানচিত্রের আলোকে ৩৯ ও ৪০নং প্রশ্নের উত্তর দাও :



৩৯. চিত্রের 'A' চিহ্নিত এলাকায় কোন নৃতাত্ত্বিক গোষ্ঠী বাস করে?
ⓚ চাকমা ⓛ মারমা ⓜ রাখাইন ⓝ সাঁওতাল

৪০. উক্ত গোষ্ঠীর দৈহিক বৈশিষ্ট্য–
i. মুখমণ্ডল গোলাকার
ii. দেহের রং ফরসা
iii. চুলগুলো ঢেউ খেলানো
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

Teachingbd.com

## উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | গ | ৪ | গ | ৫ | খ | ৬ | গ | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | গ | ১১ | গ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ঘ |
| ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | খ | ৩১ | * | ৩২ | গ | ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | ঘ | ৩৭ | খ | ৩৮ | ঘ | ৩৯ | গ | ৪০ | ক |